

# মুগ্ধলী

## রাবিতে বহিরাগত যুবকের হাতে সহকারী প্রষ্টর লাঞ্ছিত

👤 রাবি প্রতিনিধি

⌚ ১৪ জুলাই ২০২৩, ১২:৫৩:৪৩ | অনলাইন সংস্করণ



আটক যুবক

ক্যাম্পাস ত্যাগ করতে বলায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) সহকারী প্রষ্টর সরওয়ার হোসেনকে শারীরিকভাবে লাঞ্ছিত করার অভিযোগ উঠেছে এক বহিরাগত যুবকের বিরুদ্ধে।

বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার দিকে বিশ্ববিদ্যালয়ের পুরাতন শেখ রাসেল মাঠ (ইবলিশ চতুর) সংলগ্ন পুকুরঘাটে এ ঘটনা ঘটে। পরে ওই বহিরাগতকে আটক করে পুলিশে সোপদ্দ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আটককৃত ব্যক্তির নাম আরিফ মাহমুদ। তার বাড়ি নওগাঁ জেলার মান্দা উপজেলায়। তিনি বরেন্দ্র বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর পাশ করেছেন।

এ বিষয়ে ভুক্তভোগী সহকারী প্রষ্টর সরওয়ার হোসেন বলেন, তারা অশালীন অবস্থায় রহস্যিলেন। এ সময় পরিচয় জিজ্ঞেস করলে উত্তেজিত হয়ে উঠেন ওই ব্যক্তি। একপর্যায়ে  
⚠ আমাকে শারীরিকভাবে লাঞ্ছিত করেন।

সার্বিক বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক আসাবুল হক বলেন, বিশ্ববিদ্যালয়ের একজন সহকারী প্রষ্টরকে লাঞ্ছিত করার অভিযোগে আমরা আটক ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ শেষে পুলিশের কাছে সোপর্দ করেছি। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে মামলার প্রস্তুতি চলছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

